



উত্তরা ব্যাংক লিমিটেড

আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মতে

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মো: আজিজুল হক, পিতা- মৃত মতিউর রহমান, আজিজুল হকের বাড়ী, নতুন পাড়া, পশ্চিম গোমদন্ডী, জমাদার হাট, থানা- বোয়ালখালী, জিলা- চট্টগ্রাম। তাহার মালিকানাধীন মেসার্স আজিজুল হক এন্ড সন্স, ঠিকানা: ১৮৩২নং হারিছশাহ মাজার গেইট, বাদুরতলা, চট্টগ্রাম নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের নামে উত্তরা ব্যাংক লিমিটেড, রিয়াজউদ্দিন বাজার শাখা হতে ১০০,০০,০০০.০০ (একশত লক্ষ) টাকার সিসি (হাইপো) ঋণ সীমা গ্রহণ করিয়াছেন। এই ঋণের জামানত হিসাবে তার স্ত্রী মোসাৎ আনোয়ারা বেগম এর মালিকানাধীন নিম্নোক্ত তপশীলভুক্ত জমিসমূহ উত্তরা ব্যাংক লিমিটেড, রিয়াজউদ্দিন বাজার শাখায় বন্ধক রাখেন। ব্যাংকের পক্ষ হতে বারবার তাগাদা দেয়া সত্ত্বেও ঋণ গ্রহীতা/বন্ধকদাতাগণের নিকট হইতে ব্যাংকের পাওনা টাকা আদায় করিতে পারে নাই। বিগত ৩১/১২/২০১৯ইংরেজী তারিখ পর্যন্ত হিসাব মতে তাদের নিকট ব্যাংকের পাওনা ১,২৭,৬২,৩২২.৬০ (এক কোটি সাতাইশ লক্ষ বাষট্টি হাজার তিনশত বাইশ টাকা এবং ষাট পয়সা) টাকা। ঋণ নেয়ার সময় ঋণ গ্রহীতা/বন্ধকদাতাগণ বন্ধকীকৃত সম্পত্তি বিক্রী করার ক্ষমতা ব্যাংকের বরাবরে প্রদান করিয়াছেন। তাহাদের প্রদত্ত ক্ষমতা বলে এবং উল্লেখিত আইনের বিধান মতে নিম্ন তপশীল বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রী করার জন্য সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। আগ্রহী ক্রেতাগণ কর্তৃক আগামী ১০/০২/২০২০ইংরেজী তারিখ বেলা ১.০০ (এক) ঘটিকার মধ্যে ব্যাংকের রিয়াজউদ্দিন বাজার শাখায় রক্ষিত ব্যাংক দরপত্র জমা করিতে অথবা খামের উপর "সম্পত্তি ক্রয় দরপত্র" লিখিয়া রেজিস্টার্ড ডাকযোগে উক্ত ঠিকানায় প্রেরণ করিতে হইবে এবং ঐ দিন বেলা ৩.০০ (তিন) ঘটিকার সময় দরপত্র দাতা কিংবা তাহাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হইবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হইবে। বন্ধকী সম্পত্তি ক্রয়ের জন্য উত্তরা ব্যাংক লিমিটেড এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরূপ জামানত দরপত্রের সহিত দাখিল এবং পরিশোধ সূচি অনুযায়ী বাকী টাকা পরিশোধ করিতে হইবে:-

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	বাকী টাকা পরিশোধের সময়
অনুর্ধ্ব ১০,০০,০০০/- টাকার	২০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন
১০,০০,০০১/- টাকা হইতে অনুর্ধ্ব ৫০,০০,০০০/- টাকার	১৫%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিন
৫০,০০,০০০/- টাকার অধিক টাকার	১০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিন

দরপত্র গৃহীত হইবার পর উপরোল্লিখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হইলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হইবে। প্রকাশ থাকে যে, দরপত্রের উল্লেখিত মূল্য অপরিষ্কার বা কম প্রতীয়মান হইলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে। ক্রয় করিতে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে ব্যাংক কর্তৃপক্ষের সাথে উপরোক্ত ঠিকানায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হইল।

তফসিল ভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদির যে কোন পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাবে না। তা ছাড়া দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প ডিউটি ও অন্যান্য শুল্ক যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে।

সম্পত্তির তপশীল

১। ৪ তলা বাড়ী সহ ১১.০০ শতক আবাসিক জমি, থানা: বোয়ালখালী, জিলা- চট্টগ্রাম, মৌজা- পশ্চিম গোমদন্ডী, জে এল নং- ০৯, খতিয়ান নং- আর এস- ১৯৪, বিএস- ৩৮২৭, বিএস মিউটেশন খতিয়ান নং- ৪৬৫১, দাগ/পুট নং- আর এস- ১০১৫২(আংশিক), বিএস- ১৫৫১৩(আংশিক) মালিক- আনোয়ারা বেগম উক্ত প্রতিষ্ঠানের মালিকের স্ত্রী।

উপ-মহাব্যবস্থাপক

ও

চেয়ারম্যান টেন্ডার কমিটি।